দৈনিক আমাদের সময়

তারিখ 15 OCT 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# অছাত্রদের নিয়ে কুবি ছাত্রদলের কমিটি

**কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ***
প্রথমবারের মতো ঘোষণা করা হয়েছে ছাত্রদল কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখার কমিটি। বিশ্ববিদ্যালয়ের প্রথম ব্যাচের শিক্ষার্থী নুরুল আলম চৌধুরী নোমানকে সভাপতি ও দ্বিতীয় ব্যাচের শিক্ষার্থী মো. নাছির উদ্দীনকে সাধারণ সম্পাদক করে বৃহস্পতিবার রাতে এ কমিটি ঘোষণা করা হয়। এ ছাড়া সাংগঠনিক সম্পাদক করা হয়েছে তৃতীয় ব্যাচের শিক্ষার্থী মোস্তাফিজুর রহমান শুভকে।

সদ্যঘোষিত কমিটির শীর্ষ দুই পদসহ একাধিক পদে স্থান পেয়েছেন অছাত্ররা। আটজন সহ-সভাপতির অন্তত চারজনের ছাত্রত্ব শেষ হয়েছে দেড় থেকে দুই বছর আগে। প্রথম যুগ্ম-সম্পাদক পদ পাওয়া আশরাফুজ্জামান নোমান আর কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নন। তিনি বিশ্ববিদ্যালয়ের সান্ধ্যকালীন কোর্সের শিক্ষার্থী।

সাধারণ সম্পাদক পদ পাওয়া মো. নাছির উদ্দীন বিশ্ববিদ্যালয়ের ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে লোক-প্রশাসন বিভাগে ভর্তি হন। প্রায় দেড় বছর পূর্বে তার ছাত্রত্ব শেষ হয়েছে বলে একাধিক সূত্র নিশ্চিত করেছে। পূর্বে দলীয় বিভিন্ন কর্মসূচিতে নাছিরকে দেখা গেলেও গত এক বছর তিনি ক্যাম্পাসে নেই।

কমিটি ঘোষণার বিষয়টি নিশ্চিত করে ছাত্রদল কেন্দ্রীয় সংসদের দপ্তর সম্পাদক মো. আবদুস সাত্তার পাটোয়ারী বলেন, যোগ্য ও ত্যাগীদের দিয়েই কমিটি ঘোষণা করা হয়েছে।